

স্মারক নং : ২০২৪/১০-শিক্ষা-১

তারিখ ১৭ বৈশাখ, ১৪২২
৩০ এপ্রিল, ২০১৫

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল বেসরকারি নিম্নমাধ্যমিক স্কুল/ মাধ্যমিক স্কুল/ স্কুল এন্ড কলেজ/ কলেজ/ মাদ্রাসা সমূহের ডাইনামিক ওয়েবসাইট তৈরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল বেসরকারি নিম্নমাধ্যমিক স্কুল/ মাধ্যমিক স্কুল/ স্কুল এন্ড কলেজ/ কলেজ/ মাদ্রাসা সমূহের শেখা-শেখানো অধিকতর ফলপ্রসূ করা এবং সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট থাকা প্রয়োজন। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানের সকল তথ্য ও কার্যক্রম নিম্নবর্ণিত ফিচার সম্বলিত (প্রযোজ্য ক্ষেত্রে) ডাইনামিক ওয়েবসাইট তৈরি ও .edu.bd ডোমেইন নিবন্ধন পূর্বক দেশের স্বনামধন্য প্রতিষ্ঠানে হোস্টিং করে আগামী ৩০/০৫/২০১৫ তারিখের মধ্যে ওয়েবসাইটের ঠিকানা জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

• বর্তমান শিক্ষার্থী, শিক্ষক ও ৩য়-৪র্থ শ্রেণির কর্মচারীদের ছবিসহ ডাটাবেস।	• অনলাইনে ভর্তি পরীক্ষা ব্যবস্থাপনা ও শিক্ষার্থী ভর্তি কার্যক্রম অনলাইনে পরিচালনা করা।
• মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের ফিস গ্রহণ।	• অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট এসএমএস নোটিফিকেশন প্রেরণ।
• প্রতিষ্ঠানের সকল অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল তৈরি ও অনলাইনে ডাউনলোডের সুবিধা।	• শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের প্রাত্যহিক হাজার তথ্য প্রদান।
• ছাড়পত্র, প্রশংসাপত্র, প্রত্যয়নপত্র, টটলিস্ট ইত্যাদি তৈরির ব্যবস্থা।	• শিক্ষক/কর্মচারীদের ছুটি ব্যবস্থাপনা, স্যালারি সিট তৈরি ও প্রতিষ্ঠানের একাউন্টস।
• শিক্ষক ও কর্মচারীদের সৃষ্টপদ, কর্মরত জনবল ও শূন্যপদের তথ্য।	• প্রতিষ্ঠানের ইতিহাস, ভৌত অবকাঠামো, মাস্টারপ্লান, একাডেমিক ক্যালেন্ডার, ছুটির তালিকা ও ক্লাস রুটিন।
• নোটিশবোর্ড, স্ক্রলসহ প্রতিষ্ঠানের সর্বশেষ সংবাদ, ক্লাস রুটিন, পাঠক্রম, সহশিক্ষাক্রমিক কার্যাবলি।	• প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ ওয়েবসাইটের লিংক।
• পাবলিক ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ভিত্তিক কর্ণার, শিক্ষক কর্ণার শিক্ষার্থী কর্ণার, অভিভাবক কর্ণার।	• ফটো গ্যালারী, প্রতিষ্ঠান প্রধানের বাণী, প্রতিষ্ঠান প্রধানকে ই-মেইল করার অপশন ও যোগাযোগের ঠিকানা।
• বিভিন্ন প্রকার কনটেন্ট ডাউনলোড কর্ণার।	• কৃতি শিক্ষার্থীদের তথ্য, প্রাক্তন প্রতিষ্ঠান প্রধানগণের তথ্যাবলী ও প্রতিষ্ঠানের বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফল।
• কার্যনির্বাহী পর্ষদ/একাডেমিক কাউন্সিলের পরিচিতি, ওয়েবসাইটে অনলাইন ভিজিটর ও মোট ভিজিটর কাউন্টার।	• ওয়েবসাইট কন্ট্রোল প্যানেল।

(প্রফেসর ড. এস.এম ওয়াহিদুজ্জামান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৩৪৩৯

বিতরণ :

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)। (বিজ্ঞপ্তিটি তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধ সহ)।
 ২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)। (বিজ্ঞপ্তিটি তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধ সহ)।
- অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
 ৩. পরিচালক (মাধ্যমিক/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন/ ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
 ৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড ----- (সকল)।
 ৫. জেলা প্রশাসক (সকল)।
 ৬. পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
 ৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
 ৮. সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল। (মাউশি অধিদপ্তর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
 ৯. সভাপতি, এসএমসি/গভর্নিং বডি ----- (সকল)।
 ১০. প্রতিষ্ঠান প্রধান ----- (সকল)।
 ১১. অফিস কপি।